



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

নং- ৱেজি/এম.ফিল ও পিএইচ.ডি/২০২১-২০২২/

তারিখ : ০৭-১১-২০২১

## এম.ফিল ও পিএইচ.ডি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০২১-২০২২ শিক্ষাবর্ষে এম.ফিল ও পিএইচ.ডি গবেষণা কোর্সে নিম্নের্বর্ণিত বিভাগসমূহে খন্দকালীন ও পূর্ণকালীন গবেষক ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে :

### ১. এম.ফিল কোর্সে ভর্তির জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী এবং বিভাগসমূহ :

**গাণিতিক ও পদাৰ্থবিষয়ক অনুষদ/সমাজবিজ্ঞান অনুষদ/জীববিজ্ঞান অনুষদ/বিজনেস স্টাডিজ অনুষদ/আইবিএ-জেইউ/আইআইটি :**

কম্পিউটার সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং/ গণিত/ পদাৰ্থবিজ্ঞান/ পরিবেশ বিজ্ঞান/পরিসংখ্যান/সায়েন্স/অর্থনীতি/ন্যূনতম/ভূগোল ও পরিবেশ/সরকার ও রাজনীতি/লোক প্রশাসন /নগর ও অঞ্চল পরিকল্পনা/ উত্তিদবিজ্ঞান/ প্রাণিবিদ্যা/ ফার্মেসী/বায়োটেকনোলজি এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং/প্রাণবিদ্যায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান/মাইক্রোবায়োলজি/পাবলিক হেলথ এবং ইনফরমেটিক্স/ মার্কেটিং/ ফিল্যাস এবং ব্যাংকিং/ আইবিএ-জেইউ/আইআইটি

### ক. নম্বর পদ্ধতি :

মাধ্যমিক/ সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার যে-কোনো একটিতে ১ম বিভাগ ও অন্যটিতে ২য় বিভাগ (ন্যূনতম ৫০% নম্বর) সহ স্নাতক (সম্মান/পাস) ও স্নাতকোভর পরীক্ষার যে-কোনো একটিতে ন্যূনতম ৫৫% নম্বর এবং অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে।

### খ. প্রেতিং পদ্ধতি :

মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার যে কোনো একটিতে জিপিএ ৪.০ এবং অন্যটিতে জিপিএ ৩.৫০ সহ স্নাতক (সম্মান/পাস) ও স্নাতকোভর পরীক্ষায় যে-কোনো একটিতে ন্যূনতম সিজিপিএ/জিপিএ ৩.৫০ ও অন্যটিতে ন্যূনতম সিজিপিএ/জিপিএ ৩.২৫ থাকতে হবে।

### কলা ও মানবিকী অনুষদ/ বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনসিটিউট :

আন্তর্জাতিক সম্পর্ক/ইংরেজি/ইতিহাস/দর্শন/নাটক ও নাট্যতত্ত্ব/প্রত্রতত্ত্ব/বাংলা/তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি

### ক. নম্বর পদ্ধতি :

মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় ২য় বিভাগ (ন্যূনতম ৫০% নম্বর)সহ স্নাতক (সম্মান/পাস) ও স্নাতকোভর উভয় পরীক্ষায় ২য় শ্রেণী (ন্যূনতম ৫০% নম্বর) থাকতে হবে।

### খ. প্রেতিং পদ্ধতি :

মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৩.৫০ সহ স্নাতক (সম্মান/পাস) ও স্নাতকোভর উভয় পরীক্ষায় সিজিপিএ/জিপিএ ৩.০০ থাকতে হবে।

শুধুমাত্র নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের ক্ষেত্রে নাটক ও নাট্যতত্ত্ব বিষয়ে এম.ফিল ভর্তির জন্য স্বীকৃত জার্নালে নাট্য বিষয়ে কমপক্ষে ১টি গবেষণামূলক রিভিউড প্রবন্ধ এবং আই.টি.আই (ইন্টারন্যাশনাল থিয়েটার ইনসিটিউট) অথবা বাংলাদেশ এপ থিয়েটার ফেডারেশন কর্তৃক অনুমোদিত কোনো নাট্য সংস্থায় নাটকের যে কোনো (অভিনয়, নাট্য নির্দেশনা, নাটক রচনা, সেট ডিজাইন ও ফিল্ম) ক্ষেত্রে ২ বছরের কর্ম অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিগণের স্নাতকোভর পর্যন্ত সকল পর্যায়ে অনুন্য (শতকরা ৫০% নম্বর) সহ ২য় শ্রেণী/বিভাগ অথবা সিজিপিএ/জিপিএ ৩.২৫ থাকতে হবে।

### ২. পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী এবং বিভাগসমূহ :

**গাণিতিক ও পদাৰ্থবিষয়ক অনুষদ/সমাজবিজ্ঞান অনুষদ/জীববিজ্ঞান অনুষদ/বিজনেস স্টাডিজ অনুষদ/আইবিএ-জেইউ/আইআইটি :**

কম্পিউটার সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং/ গণিত/ পদাৰ্থবিজ্ঞান/ পরিবেশ বিজ্ঞান/পরিসংখ্যান/ভূতান্ত্রিক বিজ্ঞান/অর্থনীতি/ন্যূনতম/ভূগোল ও পরিবেশ/সরকার ও রাজনীতি/লোক প্রশাসন /নগর ও অঞ্চল পরিকল্পনা/ উত্তিদবিজ্ঞান/ প্রাণিবিদ্যা/ ফার্মেসী/বায়োটেকনোলজি এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং/প্রাণবিদ্যায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান/মাইক্রোবায়োলজি/পাবলিক হেলথ এবং ইনফরমেটিক্স/ মার্কেটিং/ ফিল্যাস এবং ব্যাংকিং/ আইবিএ-জেইউ/আইআইটি

ক) যে-কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল ডিপ্রি অথবা বিদেশের খ্যাতনামা বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল ডিপ্রি বা মাস্টার্স ডিপ্রি থাকলে পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

অথবা

খ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে ন্যূনতম ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

গ) (i) নম্বর পদ্ধতি : মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার যে- কেনো একটিতে ১ম বিভাগ ও অন্যটিতে ২য় বিভাগসহ (ন্যূনতম ৫০% নম্বর) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (৪ বছর) ও স্নাতকোভর উভয় পরীক্ষায় ১ম শ্রেণী থাকতে হবে।

অথবা

৩ বছরের স্নাতক (সম্মান) ডিপ্রিধারী আবেদনকারীগণের মাধ্যমিক থেকে স্নাতকোভর পর্যন্ত শিক্ষাগত যোগ্যতার যে- কোনো ঢিটিতে ১ম শ্রেণী/বিভাগ এবং অন্যটিতে ২য় শ্রেণী/বিভাগ (ন্যূনতম ৫৫% নম্বর) থাকতে হবে।

(ii) প্রেতিং পদ্ধতি: মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক /সমমান পরীক্ষার যে- কোনো একটিতে জিপিএ ৪.০০ ও অন্যটিতে জিপিএ ৩.৫০ সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (৪ বছর) ও স্নাতকোভর উভয় পরীক্ষায় সিজিপিএ/জিপিএ ৩.৫০ থাকতে হবে।

## কলা ও মানবিকী অনুষদ/ বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনসিটিউট :

আন্তর্জাতিক সম্পর্ক/ইংরেজি/ইতিহাস/দর্শন/নাটক ও নাট্যতত্ত্ব/পত্রতত্ত্ব/বাংলা/তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি

- (ক) যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল ডিপ্রি অথবা বিদেশের খ্যাতনামা বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স বা এম.ফিল ডিপ্রি থাকলে পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। অথবা
- (খ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে ন্যূনপক্ষে ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। অথবা
- (গ) (i) নম্বর পদ্ধতি : মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার যে কোনো একটিতে ১ম বিভাগ ও অন্যটিতে ২য় বিভাগসহ (ন্যূনতম ৫০% নম্বর) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (৪ বছর) ও স্নাতকোত্তর পরীক্ষার যে-কোনো একটিতে ১ম শ্রেণী ও অন্যটিতে ২য় শ্রেণী (ন্যূনতম ৫০% নম্বর) থাকতে হবে। অথবা  
৩ বছরের স্নাতক (সম্মান) ডিপ্রিধারীদের মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার পর্যায়ে একটিতে ১ম বিভাগ ও অন্যটিতে ২য় বিভাগ এবং স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষার যে কোনো একটিতে প্রথম শ্রেণী অন্যটিতে ২য় শ্রেণী (ন্যূনতম ৫০% নম্বর) থাকতে হবে।  
(ii) প্রেডিং পদ্ধতি : মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার যে কোনো একটিতে জিপিএ ৪.০০ ও অন্যটিতে ৩.৫০/সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (৪ বছর) ও স্নাতকোত্তর পরীক্ষার যে কোনো একটিতে সিজিপিএ/জিপিএ ৩.২৫ ও অন্যটিতে সিজিপিএ/জিপিএ ৩.০০ থাকতে হবে।
- (ঘ) (শুধু নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের ক্ষেত্রে) নাটক ও নাট্যতত্ত্ব বিষয়ে পিএইচ.ডি কোর্সে ভর্তির জন্য স্বীকৃত জার্নালে নাট্য বিষয়ে কমপক্ষে ২টি গবেষণামূলক রিভিউ প্রবন্ধ এবং আই.টি.আই (ইন্টারন্যাশনাল থিয়েটার ইনসিটিউট) অথবা বাংলাদেশ গ্রন্থ থিয়েটার ফেডারেশন কর্তৃক অনুমোদিত কোনো নাট্য সংস্থায় নাটকের যে কোনো (অভিনয়, নাট্য নির্দেশনা, নাটক রচনা, সেট ডিজাইন ও ফিল্ম) ক্ষেত্রে ৩ বছরের প্রত্যক্ষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের স্নাতকোত্তর পর্যাপ্ত সকল পর্যায়ে অনুন্য (শতকরা ৫০% নম্বর) সহ ২য় শ্রেণী/বিভাগ অথবা সিজিপিএ/জিপিএ ৩.২৫ থাকতে হবে।

### অর্থনীতি বিভাগ ও এম.বিবিএস/সমমান ডিপ্রিধারীদের জন্য প্রযোজ্য :

১. শুধুমাত্র অর্থনীতিতে স্নাতক ও স্নাতকোত্তর ডিপ্রিধারীরা অর্থনীতি বিভাগে আবেদন করতে পারবেন।
২. সরকারি মেডিকেল কলেজ হতে ডিপ্রিধারী এম.বিবিএস/সমমান এবং ৪ বছরের অধিক ব্যাচেলর ডিপ্রিধারীগণ ফার্মেসী বিভাগে আবেদন করতে পারবেন।

১ ও ২ এ বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণকে অঞ্চলীয় ব্যাংক লিঃ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা থেকে এম.ফিল আবেদন ফরম ১০০০/- (এক হাজার) টাকা এবং পিএইচ.ডি আবেদন ফরম ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা নগদ জমা দিয়ে সংগ্রহ করতে হবে। প্রাথমিক আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ১০-১১-২০২১ তারিখ থেকে ১৫-১২-২০২১ তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। আবেদনপত্রের সঙ্গে অবশ্যই সকল পর্যায়ের পরীক্ষার সত্যায়িত মার্কশীট, সনদপত্রের অনুলিপি, দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও ২ সেট গবেষণা প্রস্তাব/সিনপ্সিস A4 সাইজ অফসেট কাগজে কম্পিউটারে মুদ্রণ করে আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে। দেশের অন্য কোনো বিশ্ববিদ্যালয় থেকে ডিপ্রি অর্জন করে থাকলে সে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন বাতিলপৰ্বক মাইক্রোফট সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। চাকরির প্রার্থীদের ক্ষেত্রে বর্তমানে কর্মরত প্রতিষ্ঠান প্রধানের অনুমতিপত্রের ফটোকপি এবং ভর্তির সময় অবশ্যই স্ব স্ব নিয়োগকর্তার চূড়ান্ত অনুমতিপত্র জমা দিতে হবে। পূর্ণকালীন চাকরির পথেক গবেষকদের ভর্তির সময় অবশ্যই বর্তমান কর্মসূলের নিয়োগকর্তার স্বাক্ষরিত ছুটির কাগজ জমা দিতে হবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য নিয়মাবলী সংশ্লিষ্ট বিভাগ কিংবা উচ্চশিক্ষা ও বৃত্তি শাখা থেকে জানা যাবে। যাচিত কাগজপত্র বা গবেষণা প্রস্তাব ব্যতীত অথবা অন্য কোনো প্রকারের অসম্পূর্ণ দরখাস্ত বিবেচিত হবে না। একজন প্রার্থী কেবলমাত্র যে কোনো একটি গবেষণা কোর্সে ভর্তির আবেদন করতে পারবেন। পূর্বে ভর্তিকৃত যে কোনো কোর্সের গবেষক সংশ্লিষ্ট গবেষণা কাজ অসমাপ্ত রেখে বা সম্পন্ন না করে নতুন করে উচ্চতরো বা সমর্যাদার স্ব বিভাগে বা অন্য কোনো বিভাগে ভর্তির আবেদন করতে পারবেন না। এম.ফিল ও পিএইচ.ডি-তে খন্দকালীন গবেষকগণ বৃত্তির জন্য বিবেচিত হবেন না।

বিঃ দ্র: উপরোক্ত শর্ত পূরণ করে না এমন কোনো প্রার্থী আবেদন করার প্রয়োজন নেই।

স্বাক্ষর/-

ড. আবুল কালাম আজাদ  
ডেপুটি রেজিস্ট্রার  
(উচ্চশিক্ষা ও বৃত্তি-১)

তারিখ : ০৭-১১-২০২১

স্মারক নং: উচ্চশিক্ষা ও বৃত্তি/এম.ফিল ও পিএইচ.ডি/২০২১-২০২২/২০১৪(১২০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. প্রো-উপাচার্য (শিক্ষ/প্রশাসন) জাবি, সাভার, ঢাকা।
২. কোষাধ্যক্ষ, জাবি, সাভার, ঢাকা।
৩. সকল ডীন, জাবি, সাভার, ঢাকা।
৪. রেজিস্ট্রার, জাবি, সাভার, ঢাকা।
৫. পরিচালক, আইবিএ-জেইউ/আইআইটি/বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি, জাবি, সাভার, ঢাকা।
৬. পরিচালক, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র, জাবি, সাভার, ঢাকা।
৭. সকল প্রতোস্ত, জাবি, সাভার, ঢাকা।
৮. প্রক্টর, জাবি, সাভার, ঢাকা।
৯. সকল বিভাগীয় সভাপতি/অফিস প্রধান/পরিচালক, ভারপ্রাণ শিক্ষক, জাবি, সাভার, ঢাকা।
১০. ভারপ্রাণ শিক্ষক, ইন্টারনেট শাখা, জাবি, সাভার, ঢাকা (বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচার করার জন্য অনুরোধ করা হলো)।
১১. সকল ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, জাবি, সাভার, ঢাকা।
১২. উপাচার্যের সচিব ( উপ-রেজিস্ট্রার), উপাচার্য অফিস, জাবি, সাভার, ঢাকা (মাননীয় উপাচার্যের অবগতির জন্য)।
১৩. অধ্যক্ষ, জাবি স্কুল ও কলেজ, জাবি, সাভার, ঢাকা।
১৪. ব্যবস্থাপক, অঞ্চলীয় ব্যাংক লিমিটেড, জাবি শাখা, সাভার, ঢাকা।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, জাবি, সাভার, ঢাকা।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার সমিতি, জাবি, সাভার, ঢাকা।
১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, সাংবাদিক সমিতি, প্রেসক্রাব, জাবি, সাভার, ঢাকা।

স্বাক্ষর/-

ডেপুটি রেজিস্ট্রার  
(উচ্চশিক্ষা ও বৃত্তি-১)